শেখ হাসিনার উদ্যোগ

# চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩

সদর দপ্তর: শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম
মোবাইল: ০১৭৬৯-৪০০৯৯৯
E-mail: ctgpbs3sitakunda@gmail.com, Website : www.pbs3.chittagong.gov.bd

ISO 9001:2015 Certified

স্মারক নং- ২৭.১২.১৫৮৬.৫৬৮.০২.০০৮.২১.২৫৮৬

তারিখঃ ০৯ আগস্ট, ২০২১
২৫ শ্রাবণ, ১৪২৮

## নিয়োগ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এ নিম্নবর্ণিত সম্ভাব্য শূণ্য পদে লোকবল নিয়োগের নিমিত্তে প্যানেল তৈরীর জন্য প্রকৃত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। পদের পার্শ্বে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা, বেতন ও অন্যান্য সুবিধাদি উল্লেখ করা হলঃ-

| ক্রম নং | পদের নাম | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা | যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|
| ০১ | ড্রাইভার (পুরুষ) | পবিস বেতন কাঠামো-২০১৬ অনযায়ী বেতন স্কেল ১৬,৬০০/- হতে ৪১,৯৫০/- টাকাসহ পবিস নির্দেশিকা ও সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রদেয়। | (ক) প্রার্থীকে সাবলীলভাবে বাংলা লেখা ও পড়াসহ ন্যূনতম ইংরেজি শব্দ ও সংখ্যা পড়তে সক্ষম হতে হবে।<br>(খ) প্রার্থীর BRTA কর্তৃক প্রদত্ত বৈধ হালকা মোটর ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এবং লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে। গাড়ী চালানোর ক্ষেত্রে বিভিন্ন নির্দেশনা, সংকেত প্রতিপালন এবং লগ বই পূরণের সক্ষমতা থাকতে হবে।<br>(গ) প্রার্থীকে যে কোন সরকারী/ আধা সরকারী /স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/ বৃহৎ শিল্প/ বাণিজ্যিক প্রতিষ্ঠানে গাড়ী চালানোসহ রক্ষণাবেক্ষণ কাজে ন্যূনতম ০৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ড্রাইভিং লাইসেন্স ইস্যুর তারিখ হতে অভিজ্ঞতার সময়কাল হিসাব করা হবে। বিগত ০৩(তিন) বছরের মধ্যে বড় ধরনের কোন দুর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সাথে জমা প্রদান করতে হবে।<br>(ঘ) লিখিত ও মৌখিক পরীক্ষায় ছোট ধরনের ইঞ্জিন রিপিয়ারিং,টিউন আপ, সাধারন রক্ষণাবেক্ষণ জ্ঞান সম্পর্কে যাচাই করা হবে।<br>(ঙ) প্রার্থীকে গাড়ী চালনা পরীক্ষায় বাপবিবো/ পবিস এর প্রতিনিধির উপস্থিতিতে উত্তীর্ণ হতে হবে।<br>(চ) পবিস এর অনুমোদিত ডাক্তার দ্বারা প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষাসহ দৃষ্টিশক্তি পরীক্ষায় উত্তীর্ন হতে হবে।<br>(ছ) ২৮/০৮/২০২১ খ্রিঃ তারিখে সর্বনিম্ন বয়স ১৮ বছর এবং সর্বোচ্চ বয়স সীমা ৪৫ বছর হতে হবে। | বরগুনা, বরিশাল, বগুড়া, ঢাকা, দিনাজপুর, ফরিদপুর, গাজীপুর, গোপালগঞ্জ, হবিগঞ্জ, জামালপুর, যশোর, ঝালকাঠি, ঝিনাইদহ, জয়পুরহাট, খুলনা, কিশোরগঞ্জ, কুড়িগ্রাম, কুষ্টিয়া, লালমনিরহাট, মাদারীপুর মাগুরা, মানিকগঞ্জ, মেহেরপুর, মৌলভীবাজার, মুন্সীগঞ্জ, ময়মনসিংহ, নড়াইল, নারায়ণগঞ্জ, নবাবগঞ্জ, , নীলফামারী, পাবনা, রাজশাহী, রংপুর, সাতক্ষীরা, শরীয়তপুর, শেরপুর,সিরাজগঞ্জ, সুনামগঞ্জ, সিলেট , টাংগাইল, ঠাকুরগাঁও জেলা। |

শর্তাবলীঃ

০১। আবেদনকারীগণকে চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর ওয়েবসাইট ( www.pbs3.chittagong.gov.bd) অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর ওয়েবসাইট (www.reb.gov.bd) হতে নির্ধারিত আবেদন ফরম ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ২৮/০৮/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সিনিয়র জেনারেল ম্যানেজার, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩, শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে বা সরাসরি টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহনযোগ্য বিবেচিত হবে না।

০২। নির্ধারিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় এক বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ করা হবে। অন-প্রবেশনে থাকাকালীন অর্পিত দায়িত্ব ও কর্তব্য সমূহ যথাযথভাবে সম্পাদন, বাৎসরিক কর্মমূল্যায়ন এবং পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে শর্ত সাপেক্ষে পবিস এর নিজস্ব স্যালারী প্যাটার্ন-এর নির্ধারিত বেতন পরিধিতে চাকুরী নিয়মিত করা যেতে পারে।

০৩। বর্ণিত পদে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীগণকে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্রের অনুলিপি, জাতীয় পরিচয় পত্রের অনুলিপি, সাম্প্রতিক তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, ০১ (এক) কপি আবেদন ফরমের নির্ধারিত স্থানে ০১ (এক) কপি

প্রবেশপত্রের নির্ধারিত স্থানে আইকা বা আঠা দিয়ে লাগিয়ে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে এবং ০১ (এক) কপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে ষ্ট্যাপলার পিন দ্বারা আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। স্থায়ী ঠিকানার সাথে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়রের নিকট হতে নাগরিকত্ব সনদ ও চারিত্রিক সনদপত্র জমা প্রদান করতে হবে। প্রদত্ত সকল কাগজপত্র ও ছবি ১ম শ্রেনির কর্মকর্তার নাম সম্বলিত সীল দ্বারা সত্যায়িত হতে হবে এবং চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ১০০/- (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/পোষ্টাল অর্ডার আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৪। কোটা সংক্রান্ত সরকারী নির্দেশ যথাযথভাবে পালন করা হবে। সেক্ষেত্রে যথাযথ সনদ (সরকারী নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক) এর অনুলিপি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে এবং প্রার্থীর সহিত মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখ পূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভা/ সিটি কর্পোরেশন মেয়র/ জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার এর প্রদত্ত প্রত্যয়ন পত্রের সত্যায়িত কপি আবদেন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৫। অন্য কোন সংস্থা থেকে অপসারিত/বরখাস্তকৃত এবং পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/ বরখাস্তকৃত ও স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীগণের আবদেন করার প্রয়োজন নাই।

০৬। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিয়ে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরকেই তাৎক্ষণিকভাবে বরখাস্ত করণ সহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭। খামের উপর প্রার্থীর নিজ নাম ও পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে। প্রার্থী মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান হলে খামের উপর তা সুস্পষ্টভাবে লিখতে হবে।

০৮। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত কোন সংস্থা বা প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৯। অত্র পবিসের কর্মকর্তা/কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালকদের স্বামী/স্ত্রী বা তাদের রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

১০। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলার কোটা পূরণ হলে সে জেলার প্রার্থীগণের আবেদন বিবেচনা করা হবে না।

১১। প্রার্থীকে যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে এবং চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর সহ যে কোন জোনাল অফিসে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১২। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদ পত্রের মূলকপি প্রদর্শণ করতে হবে।

১৩। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। অসম্পূর্ণ ও ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(নূর মোহাম্মদ আজম মজুমদার)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হল):

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্য:প: (দক্ষিণাঞ্চল)/মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। পরিচালক, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৪। সিনিয়র জিএম/জিএম.......................... পবিস-১/২/৩/৪ (যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের অবহিত করণসহ আগ্রহী প্রার্থীদের আবেদন পত্র প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
০৫। ডিজিএম (মীরসরাই/ হাটহাজারী/ বারৈয়ারহাট জোনাল অফিস/সদর দপ্তর-কারিগরী), চট্টগ্রাম পবিস-৩।
০৬। এজিএম (অর্থ), চট্টগ্রাম পবিস-৩।
০৭। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১/২), চট্টগ্রাম পবিস-৩। (ওয়েবসাইটে আপলোড করবেন)
০৮। নোটিশ বোর্ড, চট্টগ্রাম পবিস-৩।

(নূর মোহাম্মদ আজম মজুমদার)
সিনিয়র জেনারেল ম্যানেজার